দৈনিক বাংলা

তারিখ ... 29 OCT 1990 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৭ ...

# এসএসসি পরীক্ষা-'৯১

১৯৯১ সালের এসএসসি পরীক্ষার তারিখ নিয়ে একটা গুজব শোনা যাচ্ছে। গুজবটা হচ্ছে, 'আগামী ফেব্রুয়ারী মাসে এসএসসি পরীক্ষা' তেমন নির্ভরযোগ্য কোন সূত্রের খবর নয় বলে একে গুজবই বলতে হচ্ছে। গুজব যদি গুজবই হয় তাহলে কথা নেই। কিন্তু গুজব যদি বাস্তবে রূপ নেয় তাহলে আপত্তি আছে। শুধু আমার নয়, পরি-সংখ্যান নিলে দেখা যাবে বেশীরভাগ পরীক্ষার্থীই ফেব্রুয়ারী মাসে পরীক্ষার ঘোর বিরোধী। এই বিরোধীতার নিশ্চয়ই যুক্তি আছে। কারণ ছাত্র-ছাত্রীরা দেখে এসেছে যে প্রতিবছরই এসএসসি পরীক্ষা নিয়ম মতো মার্চ মাসে অথবা তার কিছু পরে হয়। অতীতের অভিজ্ঞতা থেকে অনেকেই সেইভাবে রুটিন করে মানসিক প্রস্তুতি নিয়ে পড়াশোনা করছে। এখন হঠাৎ করে এবারের পরীক্ষা যদি ফেব্রু-য়ারীতে হয়, তাহলে অনেকেই মান-সিকভাবে অপ্রস্তুত হয়ে পড়বে, যার চরম পরিণতি হবে ফলাফলে পাশের হার কমে যাবে, বাড়বে ফেলের সংখ্যা। এক্ষেত্রে এই সময়টুকুর যথেষ্ট মূল্য রয়েছে।

তাছাড়া এবার যারা কম্পার্টমেন্টাল পরীক্ষা দিচ্ছে, তাদের অনেকেরই এবারের পরীক্ষায় অংশগ্রহণের ব্যাপার থাকবে। হঠাৎ করে ফেব্রুয়ারীতে পরীক্ষা হলে তারাও প্রস্তুত হতে পারবেনা।

জানি আগামী মার্চ মাসে একটা ধর্মীয় ব্যাপার রয়েছে। কিন্তু তাতে কি? মার্চের পরে পরীক্ষা হবে। কারণ ৯০ সালের এসএসসি পরীক্ষা মার্চের পরে নিয়েও তো বোর্ড কর্তৃপক্ষ যথাসময়ে সফলভাবে ফলাফল দিতে সক্ষম হয়েছেন।

পরীক্ষার্থীদের অসুবিধা এবং পরীক্ষার ফলাফলের কথা বিবেচনা করে যাতে পরীক্ষার তারিখ ফেব্রু-য়ারীতে নির্ধারিত করা না হয় সে জন্য শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা পরিদপ্তর এবং বোর্ড কর্তৃপক্ষের কাছে অনুরোধ জানাচ্ছি।

বৃষ্টি মালিথ
সরকারী পিএন স্কুল
রাজশাহী-৬০০০